

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
চাকা।

১৮ জুন ২০২০

তারিখ :-----

০৪ আষাঢ় ১৪২৭

বিআরপিডি সার্কুলার নং-১৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সব তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতাদের প্রগোদনা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৬ মে ২০১৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণপূর্বক এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, চলমান/তলবী/মেয়াদী খণ্ড/বিনিয়োগের ক্ষেত্রে প্রতিবছর সেপ্টেম্বর মাস শেষে বিগত ১২ মাসে (অর্থাৎ বিগত বছরের ০১ অক্টোবর থেকে চলতি বছরে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত) ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতার সংশ্লিষ্ট খণ্ড/বিনিয়োগের বিপরীতে আদায়কৃত সুদ/মুনাফার অনুম ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। এক্ষণে, ২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে খণ্ড/বিনিয়োগের উপর সুদ/মুনাফার সর্বোচ্চ হার নির্ধারিত হওয়ায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১৯ অনুযায়ী কোন গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হলে তিনি ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত রিবেট প্রাপ্ত হবেন। তবে, ব্যাংক কর্তৃক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এতদপ্রেক্ষিতে, ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণসহ তাদেরকে প্রগোদনা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াবলী প্রযোজ্য হবেঃ

০৩) প্রতি বছর ডিসেম্বর মাস অন্তে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতাকে চিহ্নিত করতে হবেঃ

ক) চলমান খণ্ড/বিনিয়োগ গ্রহীতার খণ্ড/বিনিয়োগ হিসাব সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং মঙ্গলী/নবায়ন পত্রের শর্তানুসারে উক্ত খণ্ড/বিনিয়োগ হিসাবে লেনদেন সন্তোষজনক হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

খ) তলবী খণ্ড/বিনিয়োগ গ্রহীতার সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে সকল তলবী খণ্ড/বিনিয়োগ অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় সমন্বিত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

গ) মেয়াদী খণ্ড/বিনিয়োগ গ্রহীতার খণ্ড/বিনিয়োগ হিসাবে বিগত ১২ মাসের সকল কিন্তি নির্ধারিত তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিশোধিত হলে এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

ঘ) কোন খণ্ড/বিনিয়োগ গ্রহীতার একাধিক খণ্ড/বিনিয়োগ থাকলে প্রতিটি খণ্ড/বিনিয়োগের জন্য উল্লিখিত শর্তসমূহ পরিপালন করলেই কেবল সংশ্লিষ্ট খণ্ড/বিনিয়োগ গ্রহীতা ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

ঙ) সকল ক্ষেত্রেই কোন ব্যাংকে বিগত ১২ মাসে কোন গ্রাহক বা তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিরূপমানে শ্রেণীকৃত খণ্ড/বিনিয়োগ থাকলে উক্ত গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন না।

চ) যৌক্তিক কারণে খণ্ড/বিনিয়োগ হিসাব প্রথমবার পুনঃতফসিল/পুনর্গঠনের মাধ্যমে নিয়মিত করা হলে উপরে বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত খণ্ড/বিনিয়োগ গ্রহীতাকে ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচনা করা যাবে।

০৮) অত্র সার্কুলারের ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী অনুযায়ী কোন গ্রাহক ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত হলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে :

ক) ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতাদের খণ্ড/বিনিয়োগ তথ্য সিআইবিতে STD-GB (Standard-Good Borrower) হিসেবে রিপোর্ট করতে হবে।

খ) তিন বছর বা তদুর্ধৰ সময়কাল ধরে ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত গ্রাহকদের ছবি, প্রোফাইল ইত্যাদির সমন্বয়ে ব্যাংক বিশেষ বুকলেট/ম্যাগাজিন প্রকাশ করতে পারবে। এক্ষেত্রে প্রথম প্রকাশের ক্ষেত্রে ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতাদের সংখ্যা অধিক হলে অপেক্ষাকৃত দীর্ঘসময় ধরে যে সকল খণ্ড/বিনিয়োগ গ্রহীতা ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত হবেন তাদের নাম বিশেষ বুকলেট/ম্যাগাজিন এ অস্তর্ভুক্তকরণে অগ্রাধিকার পাবে।

গ) ব্যাংক বার্ষিক অনুষ্ঠানের মাধ্যমে ভালো খণ্ড/বিনিয়োগ গ্রহীতাদের স্বীকৃতি/পুরস্কার প্রদানকরতঃ তাদেরকে সম্মাননা জ্ঞাপনের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৯) এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এই নীতিমালা জারির ফলে ইতোপূর্বে জারিকৃত এতদ্সংক্রান্ত সকল নির্দেশনা রহিত বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২